দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 SEP 2017 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 4 ...

# ক্যাডার শিক্ষকদের আপত্তিতে নতুন শিক্ষকরা ননক্যাডারে!

■ নিজামুল হক

নতুন সরকারি হওয়া কলেজগুলোর শিক্ষকদের ননক্যাডার রেখেই খসড়া বিধিমালা তৈরি করা হয়েছে। এ বিধিমালার বিষয় আরো বিশ্লেষণ করে তা প্রকাশ করা হবে। পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ পাওয়া ক্যাডার শিক্ষকদের দাবিকে প্রাধান্য দিয়েই এ বিধিমালা প্রণয়ণ করা হচ্ছে এমন অভিযোগ নতুন জাতীয়করণ হওয়া কলেজগুলোর শিক্ষকদের। ক্যাডার শিক্ষকদের দাবি ছিল, নতুন জাতীয়করণ হওয়া কলেজগুলোর শিক্ষকদের কোনভাবেই ক্যাডার মর্যাদা দেয়া যাবে না।

## কলেজ জাতীয়করণ

এই খসড়া বিধিমালার বিষয়ে তীব্র আপত্তি জানিয়েছে নতুন সরকারি হওয়া কলেজ শিক্ষকরা। তাদের বক্তব্য, বর্তমানে চালু বিধিমালা বাতিল করে নতুন বিধিমালা প্রণয়ণের মাধ্যমে 'ননক্যাডার' দেয়ার সিদ্ধান্ত নেয়া হলে কঠোর কর্মসূচি দেয়া হবে। উচ্চ আদালতের আশ্রয় নেয়া হবে। তারা আরো বলছেন, শিক্ষামন্ত্রণালয় ২০০৯ থেকে ২০১৭ সাল পর্যন্ত ৪৬টি কলেজকে জাতীয়করণ করে সেগুলোর শিক্ষকদের ক্যাডার মর্যাদা দিয়েছে। তবে এখন কেন আমাদের ননক্যাডার করা হবে। পৃষ্ঠা ১৯ কলাম ৩

## ক্যাডার শিক্ষকদের

প্রথম পৃষ্ঠার পর

সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, বিধিমালা তৈরির ক্ষেত্রে বর্তমানে ক্যাডার শিক্ষকদের বক্তব্যগুলো আমলে নেয়া হয়েছে। এ জন্য বিধিমালার কোন পর্যায়ে নতুন সরকারি হওয়া কলেজগুলোর শিক্ষকদের 'ক্যাডার' মর্যাদা দেয়ার বিষয় উল্লেখ নেই। এ কারণেই তারা নন ক্যাডারই থাকবেন।

প্রধানমন্ত্রী ইতিমধ্যে উপজেলা পর্যায়ের ২৮৫টি বেসরকারি কলেজকে জাতীয়করণের ঘোষণা দিয়েছেন। অধিকাংশের ডিড অফ গিফট শেষ হয়েছে। জাতীয়করণসহ বর্তমানে দেশের সরকারি কলেজ রয়েছে ৩৩৫টি। এর মধ্যে পিএসসি'র মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষা ক্যাডার সদস্য আছেন প্রায় ১৫ হাজার। ২৮৫টি কলেজ জাতীয়করণ হলেও সেগুলোর প্রায় ১২ হাজার শিক্ষক আত্তীকৃত হবেন। কর্মচারি আত্তীকৃত হবেন ৪ হাজার।

বিধিমালা তৈরির সাথে সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানিয়েছেন, বর্তমানে ক্যাডারভুক্ত শিক্ষকরা চাইছেন না অধিকসংখ্যক সরকারি হওয়া কলেজ শিক্ষকরা ক্যাডার মর্যাদা পাক। এটা যে কেউ চাইবে না। বর্তমানে যে সংখ্যক ক্যাডার শিক্ষক রয়েছেন, নতুন সরকারি হওয়া কলেজগুলোর শিক্ষক সংখ্যা এর চেয়ে বেশি হবে। এ কারণে ক্যাডার শিক্ষকরা তাদের সদস্যভুক্ত করতে চাইছেন না।

মাউশির মহাপরিচালক ইত্তেফাককে জানান, আমরা একাধিক বিকল্প প্রস্তাব রেখেই মন্ত্রণালয়ে খসড়া বিধিমালা জমা দিয়েছে। এখন এগুলো বিবেচনা করে বিধিমালার বিষয় সিদ্ধান্ত নেবে মন্ত্রণালয়। তখনই এ বিষয়ে পুরোপুরি জানা যাবে।

এ বিষয়ে সরকারিকরণকৃত কলেজ শিক্ষক সমিতির (সকশিস) আহ্বায়ক জহুরুল ইসলাম বলেন, আমরা দেশের সর্বোচ্চ ডিগ্রি অর্জন করে শিক্ষকতা পেশায় যোগদান করেছি। তাই ক্যাডার শিক্ষক ও বেসরকারি শিক্ষকদের আলাদা করে দেখার কোন সুযোগ নেই।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর আইকে সেলিম উল্লাহ খোন্দকারের বক্তব্য, বেসরকারি শিক্ষকদের সরাসরি শিক্ষা ক্যাডারে প্রবেশ করবেন কোন আইন ও বিধিবিধানের অধীনে? আমরা মানসম্মত শিক্ষার জন্য মানসম্মত শিক্ষক চাই। বেসরকারি শিক্ষকদের ক্যাডার মর্যাদা আমরা মেনে নেব না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর